**গুয়াহাটি :** কোভিড আসার আগে থেকে নাগরিক আইন নিয়ে বিরোধীরা সরব হয়েছিলেন। এবার রাজ্যের ফরেনার্স ট্রাইবুনাল বলে দিল, প্রায় দেড় লক্ষ বিদেশি অসমে রয়েছেন। তার মধ্যে আবার ৩২৯ জনকে নাকি নিজেদের দেশে ফিরিয়ে দেওয়ারও ব্যবস্থা করা হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই অবশ্য রাজ্যসভায় এক লক্ষ কুড়ি হাজারের হিসেব দিয়েছেন, যাঁরা এই ফরেনার্স ট্রাইবুনালেরই মতে ভারতীয় নাগরিকত্ব পেয়েছেন। নিত্যানন্দ রাই আবার এও জানিয়েছেন, নাগরিকত্ব দেওয়ার ব্যাপারে আরও বেশি চেষ্টা করা হবে। যাতে ভারতে থাকতে কারওর কোনও অসুবিধা না হয়। আসামের বেআইনি উদ্বাস্তুদের চিহ্নিত করার ব্যাপারে এই সংস্থা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এখন ১০০ ফরেনার্স ট্রাইবুনাল রয়েছে। এটি একটি আধা বিচারবিভাগীয় সংস্থা। এদের কাজ হল ১৯৪৬ সালের ফরেনার্স অ্যাক্ট অনুসারে কোনও ব্যক্তি বিদেশি কিনা তা নির্ধারণ করা। ১৯৬৪ সালে কেন্দ্র ফরেনার্স (ট্রাইবুনাল) আদেশ জারি করে।

## পাক ড্রোন, গুলি বিএসএফের

**নয়াদিল্লি :** লক্ষ্যপূরণের আগেই সীমান্ত সুরক্ষা বাহিনীর (বিএসএফ) তৎপরতায় ভেস্তে গেল পাকিস্তানের মাদক পাচারের ছক। বিএসএফের তরফে দাবি, ড্রোনের মাধ্যমে পাক সীমান্ত দিয়ে ভারতে মাদক ও অস্ত্র চোরাচালান করা হচ্ছিল। সেই সময়ই ড্রোনটিকে লক্ষ্য করে গুলি ছোঁড়ে বাহিনীর জওয়ানরা। ফলে সেটি থেকে মাটিতে পড়ে যায় বেশকিছু জিনিস। উদ্ধার করা হয়েছে মাদক ও বন্দুক। ঘটনা মঙ্গলবার গভীর রাতে পাঞ্জাবের গুরুদাসপুর সেক্টরের পাঞ্জগ্রেইন এলাকার।

### শিক্ষাক্ষেত্রে ধর্মীয় বিভাজনের চেষ্টা চলছে: কমল হাসন

# কর্নাটকে স্কুল-কলেজ চত্বরে এবার ১৪৪ ধারা

**নয়াদিল্লি:** কর্নাটক হিজাব বিতর্কের আঁচে ক্রমেই উত্তপ্ত হচ্ছে দেশ। বিষয়টি মোটেই সীমাবদ্ধ থাকছে না কলেজ-বিশ্ববিদ্যালয়ের মধ্যে। জাতীয় রাজনীতির রং লেগেছে এই বিতর্কে। পরিস্থিতির গুরুত্ব বিবেচনা করে শুধুমাত্র স্কুল-কলেজ বন্ধ রাখাই নয় চত্বরে জারি করা হল ১৪৪ ধারাও। মঙ্গলবারই বেঙ্গালুরুর সমস্ত স্কুল-কলেজ তিন দিনের জন্য বন্ধ রাখার সিদ্ধান্ত নেয় কর্নাটক সরকার। এবার অশান্তি ঠেকাতে বেঙ্গালুরুর সব স্কুল-কলেজের আশপাশে ১৪৪ ধারা জারি করল প্রশাসন। ২২ ফেব্রুয়ারি পর্যন্ত এই নির্দেশ বলবৎ থাকবে বলে বুধবার সরকারি নির্দেশিকায় জানানো হয়েছে। শিক্ষাপ্রতিষ্ঠানগুলির ২০০ মিটার ব্যাসার্ধের মধ্যে কোনও রকম জমায়েত বা বিক্ষোভ প্রদর্শন চলবে না বলে নির্দেশ দেওয়া হয়েছে। বেঙ্গালুরুর পুলিশ কমিশনার কমল পন্থ ১৪৪ ধারা জারির কথা ঘোষণা করে বলেন, "শহরের পরিস্থিতি উত্তেজিত। এই অবস্থায় নতুন করে প্রতিবাদ-বিক্ষোভ হওয়ার আশঙ্কা উড়িয়ে দেওয়া যায় না। শান্তিশৃঙ্খলা বজায় রাখতে যথাযথ নিরাপত্তার ব্যবস্থা প্রয়োজন। এই পরিস্থিতিতে সতর্কতামূলক পদক্ষেপ হিসেবে স্কুল-কলেজের আশপাশে ফৌজদারি দণ্ডবিধি অনুযায়ী ১৪৪ ধারা জারি করা হয়েছে।"

এদিকে মঙ্গলবারের পর বুধবারও ফের হিজাব সংক্রান্ত মামলার শুনানি হয় কর্নাটক হাই কোর্টে। এদিন মামলাকারীর বক্তব্য শোনার পর বৃহত্তর বেঞ্চে মামলাটির শুনানির সুপারিশ করেন বিচারপতি কৃষ্ণ দীক্ষিত। বিচারপতি বলেন, "হিজাব বিতর্কের গুরুত্বপূর্ণ প্রশ্নগুলির ব্যাপ্তি বা বিশালতা বিবেচনা করে, আদালতের অভিমত যে বিষয়টির জন্য একটি বৃহত্তর বেঞ্চ গঠন করা যেতে পারে। সিদ্ধান্ত নেওয়ার জন্য মামলার নথিপত্র প্রধান বিচারপতির হাতে দেওয়া হবে।" বৃহস্পতিবার কর্নাটক হাই কোর্টের প্রধান বিচারপতির নেতৃত্বাধীন তিন সদস্যের বেঞ্চে এই বিষয়ে শুনানি হবে।



হিজাবের অধিকার নিয়ে হায়দরাবাদে প্রতিবাদমঞ্চ। পিটিআই চিত্র।

গত ডিসেম্বর থেকে কর্নাটকের পিইউ কলেজে মুসলিম ছাত্রীদের হিজাবে পরা ঘিরে বিতর্ক শুরু হয়েছে। গত কয়েক দিনে তা চরমে পৌঁছেছে। এদিন হিজাব বিতর্কে কংগ্রেসের অন্যতম সর্বভারতীয় সাধারণ সম্পাদক প্রিয়াঙ্কা গান্ধী বলেন, "কে হিজাব পরবে আর কে বিকিনি, কে জিনস পরবে আর কে ঘোমটা দেবে সেটা মেয়েদের নিজস্ব সিদ্ধান্ত। কে কী পরবে সেই সিদ্ধান্ত কেউ উপর থেকে চাপিয়ে দিতে পারে।" অভিনেতা ও রাজনীতিক কমল হাসন বলেন, "সরলমতি ছাত্রছাত্রীদের মধ্যে সাম্প্রদায়িক রাজনীতির বিষ ঢুকিয়ে দেওয়ার চেষ্টা চলছে। আমাদের সকলের উচিত এই বিষয়ে অনেক বেশি সতর্ক থাকা।"

লোকসভার বিরোধী দলনেতা কংগ্রেসের অধীররঞ্জন চৌধুরি বলেন, "জোর করে কর্নাটকের ইসলাম ধর্মাবলম্বী মেয়েদের উপর সিদ্ধান্ত চাপিয়ে দেওয়া হচ্ছে। সরকারের উচিত এ বিষয়ে তাদের অবস্থান স্পষ্ট করা।" বিজেপি সাংসদ হেমা মালিনী বলেন, "শিক্ষাক্ষেত্রগুলিকে ধর্ম থেকে দূরে রাখা উচিত। কোনওরকম ধর্মীয় প্রতীকই সেখানে নিয়ে যাওয়া উচিত নয়।" ফলে কলেজের হিজাব ইস্যু অনেকটাই বেশি শিক্ষাক্ষেত্র থেকে রাজনৈতিক ক্ষেত্রের বিষয় হয়ে দাঁড়িয়েছে। এই অবস্থায় বৃহস্পতিবার সকলের নজর থাকবে কর্নাটক হাই কোর্টের তিন সদস্যের বেঞ্চের দিকেই।

## আগামিদিনে কোভিডের রূপ আরও মারাত্মক: হু

**নয়াদিল্লি :** গতমাসেই যে রোগের ঠেলায় প্রাণ বেরিয়ে যাচ্ছিল, সেই কোভিড খানিকটা হলেও স্তিমিত হয়েছে। কড়া কোভিড বিধির কারণে সেটা সম্ভবপর হয়েছে বলে ধারণা। আপাতত দেশে নিম্নমুখী করোনা-গ্রাফ। তার মধ্যে সতর্কবাণী শোনাল বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লুএইচও)। ওমিক্রনেই থেমে থাকবে না করোনা। আগামী দিনে কোভিডের নতুন যে ভেরিয়েন্ট আসতে চলেছে তা আরও সংক্রমক এবং মারাত্মক হতে চলেছে। একটি সাংবাদিক বৈঠকে বিশ্ব স্বাস্থ্য সংস্থার অতিমারী বিশেষজ্ঞ মারিয়া ভ্যাক কেরখোভ জানিয়েছেন যে, অতিমারী এখনও শেষ হয়নি। ভবিষ্যতে কোভিডের রূপগুলি ওমিক্রনের চেয়ে আরও বেশি মারাত্মক হবে। তিনি বলেন, "কোভিডের নয়া রূপ আরও সংক্রমণযোগ্য হবে।" তিনি আগাম সতর্কতা করে বলেছেন, পরবর্তী রূপটি আরও সহজেই অনাক্রম্যতা এড়াতে পারে। ভ্যাকসিনের বিরুদ্ধেও কম কার্যকর হবে।

## সৈনিক স্কুলে ৩১২ জন মেয়ে ক্যাডেট

**নয়াদিল্লি :** ৩১২ জন মেয়ে ক্যাডেট ভর্তি হল ৩৩টি সৈনিক স্কুলে। কেন্দ্রের তরফ থেকে এই তথ্য জানানো হয়েছে লোকসভায়। কেন্দ্রের বক্তব্য, এমন ঘটনা আগে একেবারেই ঘটেনি। ষষ্ঠ শ্রেণিতে ছয় থেকে ১০ জন ছাত্রী ভর্তি হওয়ার বিষয়টিকে কুর্নিশ জানিয়েছেন লোকসভার সদস্যরা। ২৩টি সৈনিক স্কুলে ১০ জন বালিকা ক্যাডেট এবং ছয়টি এমন স্কুল রয়েছে, যেখানে নয়টি করে বালিকা ক্যাডেট ভর্তি হয়েছে।

## করোনায় এবার 'ন্যাজাল স্প্রে'

**নয়াদিল্লি:** চিনে প্রথম অস্তিত্ব মেলার পর কেটে গিয়েছে দু'বছরেরও বেশি সময়। বিশ্বের সর্বত্রই দাপিয়ে বেড়াচ্ছে করোনা ভাইরাস। দ্রুত ভাইরাসটি চরিত্র বদল করায় গবেষকদেরও সমস্যা বাড়ছে। এই অবস্থায় একমাত্র ভরসা রাখা যাচ্ছে টিকাকরণের উপরেই। কারণ দু'বছর পরও মেলেনি নির্দিষ্ট কোনও ওষুধ। তবে করোনার কোনও ওষুধ না মিললেও চিকিৎসা নিশ্চয়ই আছে। আর সেই চিকিৎসার অঙ্গ হিসাবে ভারতের বাজারে আসছে প্রথম ন্যাজাল স্প্রে। মুম্বইয়ের বহুজাতিক ওষুধ প্রস্তুত সংস্থা গ্লেনমার্ক ও স্যানোটাইজের যৌথ উদ্যোগে ভারতের বাজারে এসেছে নাইট্রিক অক্সাইড ন্যাজাল স্প্রে। প্রাপ্তবয়স্ক করোনা রোগীর চিকিৎসায় এই স্প্রে ব্যবহার করা যাবে বলে জানা গিয়েছে। 'ফ্যাবিস্প্রে' নামে এই ন্যাজাল স্প্রে বাজারে এনেছে গ্লেনমার্ক। ইতিমধ্যেই ড্রাগ কন্ট্রোলার জেনারেল অব ইন্ডিয়ার তরফে গ্লেনমার্ককে এই ন্যাজাল স্প্রে প্রস্তুত ও মার্কেটিংয়ের ছাড়পত্র দেওয়া হয়েছে।

## স্ত্রীর মুণ্ড হাতে রাস্তায় স্বামী!

**তেহরান:** সন্দেহের বশেই বউয়ের মাথা কেটে খুন করল ইরানের স্বামী। বৌদিকে খুনে সাহায্য করেছে দেওর। খুনের পর স্বামীর হাতে বউয়ের কাটা মুণ্ডু। ইরানের রাস্তা দিয়ে গটগটিয়ে হেঁটে যাচ্ছে ওই ব্যক্তি। স্ত্রীর বিবাহ বহির্ভূত সম্পর্ক রয়েছে, এই সন্দেহেই স্ত্রীর শিরচ্ছেদ বলে জানা গিয়েছে। ঘটনাটি ঘটেছে ইরান-র আহভাজ শহরে। ইতিমধ্যেই সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে ভিডিওটি। চলতি সপ্তাহের সোমবারই ১৭ বছরের মোনা হায়দরি নামক ওই কিশোরীকে খুনের অভিযোগে তার স্বামী ও দেওরকে গ্রেফতার করা হয়েছে বলে জানা গিয়েছে।

**নতুন উৎক্ষেপণ :** ভারতীয় অন্তরীক্ষ অনুসন্ধান সংগঠন ১৪ ফেব্রুয়ারির সকাল ছ'টা নাগাদ প্রথম স্যাটেলাইট পিএসএলভি-সি৫২ রকেটের দ্বারা প্রক্ষেপণ করবে। রকেটটি সতীশ ধবন অন্তরীক্ষ কেন্দ্র থেকে তৈরি লঞ্চপ্যাডে থেকে উৎক্ষেপিত হবে।

SBI স্ট্রেসড অ্যাসেটস রিকভারি ব্রাঞ্চ, বর্ধমান (১৪৮১৭)
উলহাস গেট নং ১, বর্ধমান-৭১৩১০৪, পশ্চিমবঙ্গ

সংশোধনী

এই সংবাদপত্রে ২১.০১.২০২২ তারিখে প্রকাশিত দখল বিজ্ঞপ্তিতে ক্র নং২ -তে ঋণগ্রহীতার নাম মেসার্স দ্যা নিউ মেডিকেল হাউসের পরিবর্তে মেসার্স নিউ মেডিকেল হাউস, স্বত্বাধিকারী শ্রী শুভ্রজ্যোতি ঘোষ পড়তে হবে। অনিচ্ছাকৃত ত্রুটির জন্য ক্ষমাপ্রার্থী।

তারিখ: ১০.০২.২০২২ অনুমোদিত অফিসার

VESUVIUS
ভিসুভিয়াস ইন্ডিয়া লিমিটেড
সিআইএন : এল২৬৯৩৩ডাব্লুবি১৯৯১পিএলসি০৫২৯৬৮
রেজি অফিস : পি-১০৪ তারাতলা রোড, কলকাতা ৭০০০৮৮
ফোন : (০৩৩) ৩০৪১০৬০০, ফ্যাক্স : (০৩৩) ২৪০১৩৯৭৬
ইমেল : vesuviusindia@vesuvius.com, ওয়েবসাইট : www.vesuviusindia.in

শেয়ারহোল্ডারগণ-এর উদ্দেশ্যে বিজ্ঞপ্তি

আইইপিএফে কোম্পানির অদাবিকৃত লভ্যাংশ/ইকুইটি শেয়ারের স্থানান্তর

ইনভেস্টর এডুকেশন এবং প্রোটেকশন ফান্ড অথরিটি (একাউন্টিং, অডিট, ট্রান্সফার ও রিফান্ড) রুলস,২০১৬(দ্যা রুলস) এবং অন্যান্য প্রযোজ্য রুলস, নোটিফিকেশন এবং সার্কুলার, যদি থাকে তাহলে তার সহিত পঠিত কোম্পানিজ এক্ট, ২০১৩-এর ১২৪ ও ১২৫ ধারার নিয়মাবলি অনুযায়ী এটি সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারদের সাম্প্রতিক প্রাপ্তব্য ঠিকানায় আমাদের আরো একক যোগাযোগ যা ইনভেস্টর এডুকেশন এন্ড প্রোটেকশন ফান্ড (আইইপিএফ)-তে ধারাবাহিক সাত (৭) বছরের সময়সীমার জন্য লভ্যাংশ অদাবিকৃত রয়েছে তার প্রেক্ষিতে সাত বছরের জন্য অদাবিকৃত লভ্যাংশ এবং শেয়ার প্রত্যেক কোম্পানির ট্রান্সফারের প্রয়োজন রয়েছে।

এক্ষেত্রে, এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে শেয়ার রয়েছে এমন শেয়ারহোল্ডারগণ যারা ৩১.১২.২০১৪ তারিখে শেষ হওয়া আর্থিক বছরের জন্য ঘোষিত তাদের লভ্যাংশ নগদ করেননি এবং ধারাবাহিক সাত (৭) বছরের জন্য লভ্যাংশ অদাবিকৃত রয়েছে সেগুলি আইইপিএফ একাউন্ট এবং ক্ষেত্র বিশেষে আইইপিএফ ডিম্যাট একাউন্টে আইইপিএফ রুলসের অধীনে কোম্পানি দ্বারা ট্রান্সফার করতে হবে। অন্যান্য বিষয়ের সহিত, কোম্পানি ইতিমধ্যে আইইপিএফে ট্রান্সফারের জন্য বকেয়া হয়েছিল তার শেয়ারের বিবরণী, প্রদত্ত সাম্প্রতিক ঠিকানায় সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারকে নির্দিষ্ট লিখিত বার্তা পাঠিয়েছে। কোম্পানি যথাযথ পদক্ষেপ নেওয়ার জন্য www.vesuviusindia.in-তে ওয়েবসাইটে এই প্রেক্ষিতে প্রয়োজনীয় বিবরণী আপলোড করেছে।

আইইপিএফ রুলসের মান্যতায়, কোম্পানি আইইপিএফ একাউন্ট/আইইপিএফ ডিম্যাট একাউন্টে ইকুইটি শেয়ার ট্রান্সফার করবে যদি না ২০ মে, ২০২২ তারিখের মধ্যে কোম্পানি/ইহার রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট দ্বারা বৈধ দাবি গৃহীত না হয়। তারপরে আইইপিএফ রুলস অনুযায়ী আইইপিএফ ডিম্যাট একাউন্টে স্থানান্তরিত অদাবিকৃত লভ্যাংশ অর্থাঙ্ক এবং শেয়ারের প্রেক্ষিতে কোম্পানির বিরুদ্ধে কোনো দাবি থাকবে না।

শেয়ারহোল্ডার(গণ), যাদের ইকুইটি শেয়ার আইইপিএফ ডিম্যাট একাউন্টে ট্রান্সফার করতে হবে তারা মনে রাখবেন যে আইইপিএফ রুলস অনুযায়ী :-

যদি ফিসিক্যাল ফর্মে ইকুইটি শেয়ার থাকে : ডুপ্লিকেট শেয়ার সার্টিফিকেট (গুলি) ইস্যু করা হবে, এবং সংশ্লিষ্ট ডিপোসিটরি ডিম্যাট ফর্মে ডুপ্লিকেট শেয়ার সার্টিফিকেট (গুলি) পরিবর্তন করবে এবং আইইপিএফ ডিম্যাট একাউন্টে পক্ষে শেয়ার ট্রান্সফার করবে। শেয়ারহোল্ডারদের নামে রেজিস্টার্ড অরিজিনাল শেয়ার সার্টিফিকেট(গুলি) স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে এবং আলোচনা সাপেক্ষা নয়।

যদি ডিম্যাট ফর্মে ইকুইটি শেয়ার থাকে : সংশ্লিষ্ট ডিপোসিটরি কর্পোরেট পদক্ষেপের পন্থায় আইইপিএফ ডিম্যাট একাউন্টের পক্ষে ট্রান্সফার করতে হবে এমন ইকুইটি শেয়ারের ট্রান্সফার করবে।

অদাবিকৃত লভ্যাংশ এবং আইইপিএফ অথরিটিকে ট্রান্সফারের শেয়ার এবং এরূপ শেয়ারের উপরে সঞ্চিত সমস্ত সুবিধা, যদি থাকে, তাহলে তা শেয়ারহোল্ডারগণ আইইপিএফ অথরিটির থেকে পরবর্তীকালে দাবি করা যাবে।

শেয়ারহোল্ডারগণ অনুগ্রহ করে মনে রাখবেন যে আইইপিএফ একাউন্ট/আইইপিএফ ডিম্যাট একাউন্টে স্থানান্তরের অদাবিকৃত/অপ্রদত্ত লভ্যাংশ এবং ইকুইটি শেয়ার এবং এরূপ ইকুইটি শেয়ারের উপরে সঞ্চিত লাভ, যদি থাকে, তাহলে নির্ধারত ফর্ম আইইপিএফ-৫ (ওয়েবসাইট www.iepf.gov.in এবং www.vesuviusindia.in-তে রয়েছে)-তে অনলাইন আবেদন করে এবং তারপরে দাবি যাচাইয়ের জন্য কোম্পানিকে প্রয়োজনীয় তথ্য সহ এটির যথাযথভাবে স্বাক্ষরিত বাস্তবিক কপি (কোম্পানি/ডিপোসিটরিতে রেকর্ডেড স্পেসিমেন স্বাক্ষর অনুযায়ী) পাঠিয়ে আইইপিএফ অথরিটির থেকে দাবি করা যাবে।

আরো তথ্য/ক্ল্যারিফিকেশনের জন্য, সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারগণ মেসার্স সিবি ম্যানেজমেন্ট সার্ভিসেস (প্রাঃ) লিঃ, ইউনিটঃ ভিসুভিয়াস ইন্ডিয়া লিমিটেড, পি-২২ বন্ডেল রোড, কলকাতা ৭০০০১৯, টেলিফোন (০৩৩) ৪০১১ ৬৭০০/৬৭২৪/৬৭৪২, ফ্যাক্সঃ (০৩৩) ৪০১১ ৬৭৩৯, ইমেলঃ rta@cbmsl.com, ওয়েবসাইট : www.cbmsl.com-তে কোম্পানির রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্টর সঙ্গে যোগাযোগ করতে পারেন।

ভিসুভিয়াস ইন্ডিয়া লিমিটেড পক্ষে
স্বা/-
বিক্রম সিং
কোম্পানি সেক্রেটারি

তারিখ : ৯ ফেব্রুয়ারি, ২০২২
স্থান : কলকাতা

# খেলা

### প্রসিদ্ধে মুগ্ধ রোহিত

## 'দেশের মাঠে এমন আগুনে বোলিং দেখিনি'

**আমেদাবাদ:** আর দেড় বছরের মধ্যে দেশের মাঠে ওয়ান ডে বিশ্বকাপ। যে কারণে যাবতীয় পরীক্ষা-নিরীক্ষা এখন থেকেই শুরু করে দিতে চান সীমিত ওভারের ক্রিকেটে ভারত অধিনায়ক রোহিত শর্মা। দেখে নিতে চান, নতুন কম্বিনেশন। যার একটা হল, বুধবার আমেদাবাদ ওয়ান ডে-তে ঋষভ পন্থকে দিয়ে ওপেন করানো।

দুই নিয়মিত ওপেনার শিখর ধাওয়ান ও মায়াঙ্ক আগরওয়াল এখনও খেলার মতো জায়গায় নেই। যে কারণে এ দিন রোহিতের সঙ্গে ওপেন করেন পন্থ। নতুন ভূমিকায় তিনি সফল, মোটেও বলা যাবে না। ৩৪ বল খেলে পন্থ করেন ১৮। তবে সিরিজ জয়ের পর রোহিত বলে দিলেন, এটা স্রেফ একটা পরীক্ষা ছিল। নিয়মিত ভাবে পন্থ ওপেন করবেন না।




ত্রয়ী: আমেদাবাদে দ্বিতীয় ওয়ান ডে জয়ের পর রোহিত-বিরাট-প্রসিদ্ধ।

"আমাকে বলা হয়েছে, নতুন নতুন জিনিস করতে। তাই পন্থকে ওপেন করতে পাঠিয়ে দিলাম। লোকে দেখে আনন্দ পেল। কিন্তু পন্থ নিয়মিত ভাবে ওপেন করবে না," হাসতে হাসতে বলে দেন রোহিত। পরের ম্যাচ শিখর যে ফিরছেন, সেটাও বলে দিলেন নতুন ভারত অধিনায়ক। বললেন, "পরের ম্যাচে শিখরকে পেয়ে যাব। ওরও মাঠে একটু সময় কাটানো দরকার। সব সময় রেজাল্টটাই আসল কথা নয়। আমরা যদি নতুন পরীক্ষা করতে গিয়ে কয়েকটা ম্যাচ হারিও, তা হলেও কিছু যায় আসে না। আসল হল, দীর্ঘমেয়াদি লক্ষ্যের দিকে আমরা সফলভাবে ছুটতে পারছি কি না?"

কিন্তু স্কোরবোর্ডে মাত্র ২৩৭ রান তোলার পর ভাবতে পেরেছিলেন জিতবেন? এবার রোহিত বলে দেন, "রানটা খারাপ ছিল না কিন্তু। কেএল আর সূর্য দারুণ পরিণতিবোধ দেখিয়েছে। সূর্য এখন বুঝতে পারছে, টিম ওর থেকে কী চায়।"

পাশাপাশি প্রসিদ্ধ কৃষ্ণর আগুনে বোলিংয়েরও প্রশংসা করে যান রোহিত। দ্বিতীয় ওয়ান ডে-তে মাত্র ১২ রান দিয়ে চার উইকেট তুলে নেন প্রসিদ্ধ। রোহিত বলছিলেন, "দেশের মাঠে এ রকম বোলিং অনেক দিন দেখিনি আমি। কী আগুনে বোলিং করল প্রসিদ্ধ!"

## হ্যাটট্রিক মিসের জন্য আফসোস নেই লিস্টনের

**স্টাফ রিপোর্টার :** না, হ্যাটট্রিক করতে পারেননি বলে মোটেই দুঃখিত নন লিস্টন কোলাসো। বরং তাঁকে ভাবাচ্ছে, কঠিন গোলগুলো করতে পারলেও কেন সহজ গোলের রাস্তা হারিয়ে ফেলছেন। পুরেনো দল হায়দরাবাদকে হারাতে পেরে দারুণ খুশি লিস্টন। তাঁর ধারণা, দলে হারানো আত্মবিশ্বাস ফিরে এসেছে। তাই তাঁদের এগিয়ে যাওয়ার পথ রোখা খুব একটা সহজ হবে না। "ডার্বির মতোই গুরুত্বপূর্ণ ছিল হায়দরাবাদ ম্যাচ। সকলে জানত এই ম্যাচ জিতে গেলে প্রথম চার দলের মধ্যে ঢুকে পড়তে পারব। তাই ওদের হারিয়ে আমাদের একদিকে যেমন আত্মবিশ্বাস বাড়ল। অন্যদিকে চ্যাম্পিয়ন হওয়ার ফোকাস ধরে রাখা যাবে।" সবুজ-মেরুন জার্সি পরে এবার তাঁর ছ'টা গোল হয়ে গিয়েছে। "মানছি, হ্যাটট্রিক করা উচিত ছিল। তবে আমাকে ভাবাচ্ছে, সহজ গোলগুলো কেন করতে পারছি না। অথচ কঠিন গোল করে যাচ্ছি। তার জন্য নিজে যেমন ভাবছি, কোচের সঙ্গে পরামর্শ করছি। তবে নিজের ভুল নিজেকে শোধরাতে হবে। এরমধ্যে ইতিবাচক দিক হল, প্রতিটি দলের বিপক্ষে আমরা গোলের মুখ খুলতে পারছি।" লিস্টন মঙ্গলবার ম্যাচে সেরা ফুটবলারের স্বীকৃতি পেয়েছেন। তারজন্য হায়দরাবাদের কোচ মার্কুয়েস তাঁকে অভিনন্দন জানান। তিনি এও বলেছেন, গোলের সুযোগ নষ্ট করার জন্য আফসোস করতে চান না। পরের ম্যাচ নর্থ ইস্টকে হারাতে পারলে দল আরও লিগ টেবিলে এগিয়ে যাবে। হায়দরাবাদের বিপক্ষে করা গোলটা লিস্টন উৎস্বর্গ করলেন অভিলাস পালকে। বললেন, "অনুশীলনে বড় রকমের চোট পেয়ে অভিনাস মাঠের বাইরে কয়েক সপ্তাহের জন্য চলে গিয়েছে। তাই ঠিক করেছিলাম, গোল করলে অভিলাসের জার্সি নিয়ে উৎসব করব। সুস্থ হয়ে দ্রুত ফিরে আসুক এটাই চাই।"



লিস্টন কোলাসো।




অনূর্ধ্ব ১৯ বিশ্বকাপ জয়ী বাংলার দুই ক্রিকেটার রবি কুমার আর অভিষেক পোড়েলকে বুধবার রাতে বিমানবন্দরে সংবর্ধনা সিএবির।

## দশ বছর পর রনজি প্যানেলে বঙ্গ আম্পায়ার

**স্টাফ রিপোর্টার:** এক নয়, দুই নয়, দশ-দশটা বছর! দশ বছর পর রনজি ট্রফির আম্পায়ারদের প্যানেলে জায়গা পেলেন এক বাঙালি আম্পায়ার। তিনি— প্রেমদীপ চট্টোপাধ্যায়। দশ বছর আগে প্রেমদীপই ছিলেন রনজির এলিট আম্পায়ারদের প্যানেলে, বঙ্গ প্রতিনিধি হিসেবে। মাঝে একটা বছর অভিজিৎ ভট্টাচার্য সুযোগ পেয়েছিলেন একটা ম্যাচে। একজন আম্পায়ারের পোস্টিং অন্যত্র হয়ে যাওয়ায়। কিন্তু নিয়মিত ভাবে কেউ ছিলেন না। নিয়মিতদের প্যানেলে দশ বছর পর ফিরলেন সেই প্রেমদীপই। আসন্ন রনজিতে দু'টো ম্যাচ পরিচালনা করবেন প্রেমদীপ। গুয়াহাটিতে তামিলনাড়ু বনাম দিল্লির ম্যাচ। এবং তামিলনাড়ু বনাম ছত্তিশগড়ের ম্যাচ।

## কবাডি টুর্নামেন্ট

**স্টাফ রিপোর্টার :** অ্যামেচার কবাডি অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ার ব্যবস্থাপনায় বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে সুব্রত মুখোপাধ্যায় আমন্ত্রণী কবাডি প্রতিযোগিতা। মোট ৩১টা দল যোগ দিচ্ছে। দিন-রাতের খেলায় প্রায় হাজার খেলোয়াড়কে প্রত্যক্ষ করা যাবে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট সংস্থার সভাপতি স্বপন বন্দ্যোপাধ্যায়। টুর্নামেন্ট শেষ হবে ১২ ফেব্রুয়ারি। স্বপন বন্দ্যোপাধ্যায় বলেন, "করোনার জন্য সেভাবে কবাডি খেলা করানো যায়নি। এবার আমরা স্থির করেছি, জেলায় জেলায় এই খেলা জোর কদমে চালু হবে।"




সাংবাদিক সম্মেলনে স্বপন বন্দ্যোপাধ্যায় সহ বিশিষ্টরা।

Chola
Enter a better life

চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিন্যান্স কোম্পানি লিমিটেড
কর্পোরেট অফিস : ২য় তল, 'ডেয়ার হাউস' নং ২, এন. এস. সি. বোস রোড, চেন্নাই-৬০০ ০০১
শাখা অফিস : ৫৫ ও ৫৫/১, চৌরঙ্গি রোড, ৬ষ্ঠ তল, চৌরঙ্গি কোর্ট, রবীন্দ্র সদন নেহরু চিল্ড্রেন্স মিউজিয়ামের বিপরীতে, কলকাতা-৭০০০৭১
শাখা অফিস : খাতা নং ৬৭২, প্লট নং ৭৯৩, ৪র্থ তল, জি টি রোড (পূর্ব), মুরগাসোল, আসানসোল, জেলা বর্ধমান-৭১৩৩০৩

সিকউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২-এর ধারা ১৩[২]-এর অধীনে ডিমান্ড বিজ্ঞপ্তি

সিকউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২-এর ১৩(২) ধারার অধীনে আপনি, নিম্নে উল্লিখিত ঋণগ্রহীতা/বন্ধকদাতাকে এতদ্বারা জানানো হইতেছে যে, কোম্পানি আপনাদের বিরুদ্ধে পদক্ষেপ নিতে উদ্যোগী হয়ে প্রাপ্তিস্বীকারপত্র সহ রেজিস্টার্ড পোস্ট করে বিজ্ঞপ্তি পাঠানো হয়েছে। ঋণগ্রহীতা/গণের জন্য তা অর্পিত না হয়ে ফেরত এসেছে। সুতরাং উক্ত বিজ্ঞপ্তি প্রকাশের ৬০ দিনের মধ্যে উক্ত অ্যাকাউন্টের প্রেক্ষিতে বকেয়া ঋণ অর্থাংক ও পুঞ্জীভূত সুদ-সহ প্রদান করতে আহ্বান জানানো হয়েছে, অন্যথায় ব্যর্থ হলে উক্ত অ্যাক্টের ১৩ ধারার উপধারা (৪)-এর অধীনে ক্ষমতা প্রয়োগ করে নিম্নে উল্লিখিত উপলব্ধ হওয়া পর্যন্ত সুদ সহ বকেয়া অর্থাংক এবং ব্যয় পরিশোধ করতে আপনাদের বিরুদ্ধে পদক্ষেপ নেবে। ইহা উল্লেখ করার প্রয়োজন নেই যে, কোম্পানির কাছে প্রাপ্তব্য অন্য যেকোনও প্রতিকারের পক্ষপাতহীনভাবে আপনাকে উদ্দেশ্য করে এই বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে।

| ক্রঃ নং | ঋণগ্রহীতাগণের নাম ও ঠিকানা | ঋণ অর্থাংক | ডিমান্ড বিজ্ঞপ্তির তারিখ এবং বকেয়া অর্থাংক | সম্পত্তির বিবরণ/সুরক্ষিত সম্পত্তিসমূহ |
|---|---|---|---|---|
| ১. | লোন এ/সি নং. এক্স০এইচইজিকেএল০০০০০৭২১১৯০০<br>**ঋণগ্রহীতা ও সহঋণগ্রহীতা :**<br>**১) অশোককুমার জৈন**<br>৯ই, মারুতি বিল্ডিং ১২ লাউডন স্ট্রিট, পোঃ অঃ সার্কাস অ্যাভিনিউ, কলকাতা সার্কাস অ্যাভিনিউ-৭০০০১৭<br>**২) বহুবালী টিএমটি বারস প্রাইভেট লিমিটেড**<br>২০৪, আচার্য জগদীশ বোস রোড, ৩য় তল, কলকাতা, সার্কাস অ্যাভিনিউ-৭০০০১৭<br>**৩) রতনলাল জৈন**<br>১২ডি, ডঃ ইউ এন ব্রহ্মচারী স্ট্রিট, ফ্ল্যাট নং ৯ই, কলকাতা, সার্কাস অ্যাভিনিউ-৭০০০১৭<br>**৪) নেইভেলি সেলস প্রোমোশন প্রাঃ লিঃ**<br>১২ডি, ডঃ ইউ এন ব্রহ্মচারী স্ট্রিট, রুম নং ৫জি ডঃ ইউ এন ব্রহ্মচারী স্ট্রিট, ডঃ ইউ এন ব্রহ্মচারী স্ট্রিট, সার্কাস অ্যাভিনিউ-৭০০০১৭ | টাঃ ৭৫,০০,০০০/- | ১৪.১২.২০২১<br>ও<br>টা. ২,৭২,৩৮,৪৮৪.২৮/-<br>১৮.১২.২০২১ অনুযায়ী<br>তদোপরি অতিরিক্ত সুদ সহ | কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের সীমানার মধ্যে মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ১২, ডঃ ইউ এন ব্রহ্মচারী স্ট্রিট, ব্লক নং ৫ ও ৬ এবং মিউনিসিপ্যাল হোল্ডিং নং ৪-এর অন্তর্গত প্রায় ১ বিঘা ৬ কাঠা ও ৯ ছটাক মাপের জমির প্লট অথবা তার উপর নির্মিত "মারুতি" বিল্ট নামে পরিচিত ও নামাঙ্কিত ৬ষ্ঠ তলে প্রায় ৯৯৮ বঃ ফুঃ মাপের নং ৫জি ফ্ল্যাটের সমগ্র।<br>চতুর্সীমা : উত্তরে : ময়রা স্ট্রিট, দক্ষিণে : প্রেমিসেস নং ১১, ডঃ ইউ এন ব্রহ্মচারী স্ট্রিট, পূর্বে : প্রেমিসেস নং ১১, ডঃ ইউ এন ব্রহ্মচারী স্ট্রিট, পশ্চিমে : ডঃ ইউ এন ব্রহ্মচারী স্ট্রিট। |
| ২. | লোন এ/সি নং. এক্স০এইচইজিকেএল০০০০১৫০২২৩৪ ও এক্স০এইচইজিকেএল০০০০১৮২৪৩৪২<br>**ঋণগ্রহীতা ও সহঋণগ্রহীতা :**<br>**১) ত্রিদীপ কুমার সরকার**<br>৬৮, কে বি সরণি, বেলগাছিয়া, কলকাতা-৭০০০৩৭<br>এতেও আছে :<br>ফ্ল্যাট নং ২, প্রথম তলে, উত্তর পূর্ব দিকে, প্রেমিসেস নং ৫২, ভগিনী নিবেদিতা সরণি,<br>**২) দীপ্তি সরকার**<br>ব্যাকচারা বেইলকারা, উত্তর ২৪ পরগণা-৭৪৩২০৪<br>**৩) সঞ্জিত সরকার**<br>ব্যাকচারা বেইলকারা, উত্তর ২৪ পরগণা-৭৪৩২০৪<br>**৪) মেসার্স এস টি ইলেকট্রিক্যালস**<br>৬৮, কে বি সরণি, বেলগাছিয়া, কলকাতা-৭০০০৩৭ | টাঃ ১৭,০০,০০০/-<br>ও<br>টাঃ ৩,৬০,০০০/- | ০৩.০১.২০২২<br>ও<br>টা. ২৫,৯১,০০৪.৫৩/-<br>ও<br>টা. ৬,১৩,০৩২.৮৮/-<br>০৩.০১.২০২২ অনুযায়ী<br>তদোপরি অতিরিক্ত সুদ সহ | দক্ষিণ দমদম মিউনিসিপ্যালিটি সীমানার মধ্যে মিউনিসিপ্যাল ওয়ার্ড নং ১১-এর অধীনে জেলা ২৪ পরগণা উত্তর, থানা দমদম-এর অধীনে মৌজা : বেদিয়াপাড়াতে তৌজি নং ১২৯৮/২৮৩৩, আর এস নং ৭, জে এল নং ১৭, আর এস খতিয়ান নং ৩৮৮, ৩৯১ ও ৩৮৪-এর অধীনে আর এস দাগ নং ৩৫৯-এর ফর্মিং পার্টে প্রায় ০২ কাঠা ১১ ছটাক এবং ১৭ বঃ ফুঃ জমি প্লটের উপর অথবা তার উপর নির্মিত বাড়ির উত্তর পূর্বদিকে প্রথম তলে সুপার বিল্টআপ এরিয়ায় প্রায় ৮১০ বঃ ফুঃ মাপের ফ্ল্যাট নং ২-এর সমগ্র বর্তমানে মিউনিসিপ্যাল হোল্ডিং অনুযায়ী নং ৫২, ভগিনী নিবেদিতা সরণি, কলকাতা-৭০০০৭৭ হিসেবে পরিচিত যাহার চতুর্সীমা : উত্তরে : দাগ নং ৩৫৯-এর জমি ও অন্যান্যদের সম্পত্তি, দক্ষিণে : মমতা চৌধুরির জমি, পূর্বে : ১২' ফুট প্রশস্ত মিউনিসিপ্যাল রোড, পশ্চিমে : দাগ নং ৩৬০-এর জমি ও বি দত্ত-র বাড়ি। |
| ৩. | লোন এ/সি নং. এক্স০এইচইএএন০০০০০১৯২২২৭০ ও এক্স০এইচইএএন০০০০০২৩০৯৮৪৮ ও এইচই০২এন০০০০০০০০৩৬০৪<br>**ঋণগ্রহীতা ও সহঋণগ্রহীতা :**<br>**১) সুভাষ দত্ত**<br>ওম প্রণবার নমঃ, শ্রীপুর রোড, কুলটি হিন্দু মিলন মন্দিরের পিছনে, কুলটি এমসি, পশ্চিমবঙ্গ-৭১৩৩৪৩<br>**২) গৌতম দত্ত**<br>প্রযত্নে ওম প্রণবার নমঃ, শ্রীপুর রোড, কুলটি হিন্দু মিলন মন্দিরের পিছনে, কুলটি এমসি, পশ্চিমবঙ্গ-৭১৩৩৪৩<br>**৩) প্রণতি দত্ত**<br>প্রযত্নে ওম প্রণবার নমঃ, শ্রীপুর রোড, কুলটি হিন্দু মিলন মন্দিরের পিছনে, কুলটি এমসি, পশ্চিমবঙ্গ-৭১৩৩৪৩<br>**৪) জ্যোতি এন্টারপ্রাইজ**<br>শ্রীপুর রোড, কুলটি, হোল্ডিং নং ৬৩এ, কুলটি এম সি, পশ্চিমবঙ্গ-৭১৩৩৪৩ | টাঃ ২৪,৫০,০০০/-<br>ও<br>টাঃ ১০,০০,০০০/-<br>ও<br>টাঃ ৬,৪৮,০০০/- | ০৪.০১.২০২২<br>ও<br>টা. ২৫,৯০,৪০৫.৮১/-<br>ও<br>টা. ১০,২৭,৫৮৯..৪৩/-<br>ও<br>টা. ৬,৭০,৭৩৮/-<br>০৪.০১.২০২২ অনুযায়ী<br>তদোপরি অতিরিক্ত সুদ সহ | আসানসোল মিউনিসিপ্যাল কর্পোরেশনের অধীনে হোল্ডিং নং ৬৩ ও ৬৩এ, ওয়ার্ড নং ২১, শ্রীপুর রোড, পশ্চিম দিকে, জেলা : বর্ধমান, থানা : কুলটি, মৌজা :কুলটি, জে এল নং ১৬, আর এস খতিয়ান নং ৩৯৩, আর এস প্লট নং ১০৪০-তে ২য় তলে, ৮২০ বঃ ফুঃ ও প্রথম তলে ৮২০ বঃ ফুঃ মাপের স্ট্রাকচার এবং বাড়ি সহ একত্রে ২১৬০ বঃ ফুঃ মাপের জমি।<br>সম্পত্তিটির চতুর্সীমা :<br>পূর্বে : দিলীপ দাস-এর বাড়ি, পশ্চিমে : ছ'ফুট চওড়া বড় রাস্তা, উত্তরে : মণীন্দ্র দে-এর বাড়ি, দক্ষিণে : জ্যোৎস্না দত্তর বাড়ি। |
| ৪. | লোন এ/সি নং. এক্স০এইচইজিকেএল০০০০০১৬১৮৮৬<br>**ঋণগ্রহীতা ও সহঋণগ্রহীতা :**<br>**১) নুরুল ইসলাম**<br>গারুলিয়া লেনিন নগর, চাইগাদা মুসলমান পাড়া, বিস্কুট কারখানা খানাইয়ের নিকটে, কলকাতা, কলকাতা-৭৪৩১৩৩<br>**২) আনওয়ারি খাতুন**<br>গারুলিয়া লেনিন নগর, চাইগাদা মুসলমান পাড়া, বিস্কুট কারখানা খানাইয়ের নিকটে, কলকাতা, কলকাতা-৭৪৩১৩৩ | টাঃ ৩,০০,০০০/- | ০৪.০১.২০২২<br>ও<br>টা. ২২,১৬,৪২৭.৪২/-<br>০৪.০১.২০২২ অনুযায়ী<br>তদোপরি অতিরিক্ত সুদ সহ | জেলা উত্তর ২৪ পরগণার থানা নোয়াপাড়ার অধীনে তৌজি ২৪৬০/২৪৬১, আর এস নং ১, জে এল নং ১, মৌজা গারুলিয়াতে খতিয়ান নং ৩৮৫-এর অধীনে দাগ নং ১৭২৩-এর ফর্মিং পার্টে প্রায় ২ কাঠা মাপের জমি বর্তমানে পরিচিত গারুলিয়া মিউনিসিপ্যালিটির সীমানার মধ্যে ওয়ার্ড নং ০৮-এর অধীন যাহার চতুর্সীমা : উত্তরে : দাগ নং ১৭২৩, দক্ষিণে : দাগ নং ১৭২৩, পূর্বে : দাগ নং ১৭২৩, পশ্চিমে : ১০' ফুট চওড়া সাধারণের প্যাসেজ। |
| ৫. | লোন এ/সি নং. এক্স০এইচইজিকেএল০০০০৩২৯৭১০২ ও এইচইজিকেএল০০০০০০০২৩০৭<br>**ঋণগ্রহীতা ও সহঋণগ্রহীতা :**<br>**১) সুমন বসু**<br>৭৫ পঞ্চবটী পানিহাটি, নাটাগড়, উত্তর ২৪পরগণা-৭০০১১৩<br>**২) সোমা বসু**<br>৭৫ পঞ্চবটী পানিহাটি, নাটাগড়, উত্তর ২৪পরগণা-৭০০১১৩<br>**৩) মেসার্স যোগানন্দ সার্ভিসেস**<br>২৫, অশ্বিনী দত্ত রোড, নবগ্রাম, শ্রীরামপুর-৭১২২৪৬ | টাঃ ৩৬,০০,০০০/-<br>ও<br>টাঃ ৭,১৬,০০০/- | ১৬.১১.২০২১<br>ও<br>টা. ৩৬,৮৭,৫৭৬.৭৯/-<br>ও<br>টাঃ ৭,৩৪,৪৯৪.০০<br>১৫.১১.২০২২ অনুযায়ী<br>তদোপরি অতিরিক্ত সুদ সহ | পানিহাটি মিউনিসিপ্যালিটির সীমানার মধ্যে ওয়ার্ড নং ২২, জেলা : ২৪ পরগণা (উত্তর), থানা : ঘোলা, হোল্ডিং নং ১৪২, নাটাগড় মেন রোড, আর এস দাগ নং ১৭৮১, আর এস খতিয়ান নং ৫৯৭, তৌজি নং ১৫৫, আর এস নং ১০১, জে এল নং ১৫-এর অন্তর্গত মৌজা : নাটাগড়ে অবস্থিত ও রক্ষিত তদোপরি দ্বিতীয় তলে ৯৯৮ বঃ ফুঃ ও প্রথম তলে ৮৭০ বঃ ফুঃ স্ট্রাকচার সহ একত্রে ২ কাঠা ৪ ছটাক মাপের জমির সমগ্র অবিচ্ছেদ্য অংশ। |
| ৬. | লোন এ/সি নং. এইচই০১জিকেএল০০০০০০০৮২৪৭ ও এইচই০১জিকেএল০০০০০০১০৪২৭<br>**ঋণগ্রহীতা ও সহঋণগ্রহীতা :**<br>**১) বিশ্বনাথ দে**<br>১৬/এ, দ্বারিকা ব্যানার্জি রোড, উকিল বাগান জলের ট্যাঙ্ক, উত্তর ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ-৭০০১০৯<br>**২) রাণা দে**<br>৭জে/১এ, কৃত্তিবাস মুখার্জি রোড, ডাল পট্টি, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০৬৭<br>**৩) শ্রী ওম গারমেন্টস**<br>৭জে/১এ, কৃত্তিবাস মুখার্জি রোড, ডাল পট্টি, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০৬৭<br>**৪) কৃষ্ণা বিশ্বাস**<br>৭জে/১এ, কৃত্তিবাস মুখার্জি রোড, ডাল পট্টি, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০৬৭ | টাঃ ৩৩,৪৫,০০০/-<br>ও<br>টাঃ ৪,০০,০০০/- | ০৩.০১.২০২২<br>ও<br>টা. ৩৪,৩৩,৪৫৯/-<br>ও<br>টাঃ ৪,১৬,০০৬/-<br>০৩.০১.২০২২ অনুযায়ী<br>তদোপরি অতিরিক্ত সুদ সহ | পানিহাটি মিউনিসিপ্যালিটির সীমানার মধ্যে ওয়ার্ড নং ২৬-এর অধীনে জেলা : ২৪ পরগণা (উত্তর), থানা : ঘোলা (পুরনো), খড়দহ (বর্তমানে), হোল্ডিং নং ১৬/এ, দ্বারিকা ব্যানার্জি রোড, এল আর খতিয়ান নং ১১৩৩, এল আর দাগ নং ১০৪৬, তৌজি নং ১৭২, আর এস নং ৪২, জে এল নং ১৩, মৌজা : ওসমানপুরে অবস্থিত ও রক্ষিত কমবেশি ২ কাঠা (৩.৩ ডেসিমেলের সমতুল) তৎসহ একত্রে কমবেশি প্রায় একই মাপের সিমেন্টে মেঝে সহ প্রথম তলে কমবেশি ১৫৮ বঃ ফুঃ মাপের (লাল রং সহ এলওটি "বি"চিহ্নিত) পাকা স্ট্রাকচার ও প্রায় ০.৩২ ডেসিমেল মাপের জমির সমগ্র অবিচ্ছেদ্য অংশ যাহার চতুর্সীমা : উত্তরে : দাগ নং ৪৬৯, দক্ষিণে : দাগ নং ৪৬৯, পূর্বে : ১২' ফুট প্রশস্ত সাধারণের প্যাসেজ, পশ্চিমে : নেপালচন্দ্র ভৌমিক ও সুখেন্দুবিকাশ চৌধুরির জমি। |

তারিখ : ১০.০২.২০২২
স্থান : পশ্চিমবঙ্গ

অনুমোদিত আধিকারিক
চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিন্যান্স কোম্পানি লিমিটেড